

৪ বর্ষ ২৭ সংখ্যা ১৬ নবেম্বর ২০০১/২ অগ্রহায়ণ ১৪০৮

আমাদের সিংহভাগ কেনাকাটা ঈদনির্ভর। বছরে দুটো ঈদ। তবে ঈদুল ফিতরেই দেখা যায় পোশাকের দেশীয় ফ্যাশন বাজারে লাগে ধুম! আর পোশাকের ব্যাপক বাজারজাতকরণে এগিয়ে আসে মিডিয়া। ক্রেতা-বিক্রেতার মধ্যে সমন্বয় সাধনের উদ্দেশ্যে আয়োজন করে ফ্যাশন প্রতিযোগিতা। ২০০০-এর এই প্রতিযোগিতা চতুর্থ বর্ষে পা দিল। এবারই এর সঙ্গে গাঁটছড়া বাঁধন একুশে টিভি। ‘একুশে সাপ্তাহিক ২০০০ ঈদ ফ্যাশন প্রতিযোগিতা’ - এই নতুন মেলবন্ধ দেশীয় ফ্যাশন বাজারকে আরো বৃদ্ধি করবে এ আমাদের প্রত্যাশা। তৈরি হবে দেশী ক্রেতা। পত্রিকা ধরে প্রবাস থেকেও চলবে কেনাকাটা। এর মাঝে ইলেকট্রনিক মিডিয়া একুশে টেলিভিশনে ৫টি পর্বে দেখানো হবে ফ্যাশন প্রতিযোগিতার পোশাকগুলো। এই কর্মযজ্ঞা অন্তত ঈদের দু’মাস আগে থেকে শুরু হয়ে যায়। চিঠি বিলির অন্তত পনেরো দিন পর থেকে চলে পোশাক জমা নেয়ার পালা। এরপর পোশাকের বিচার, ফটোসেশনসহ আরো কাজ। এই দীর্ঘ প্রক্রিয়ার অংশ বিশেষ চলে গুলশানস্থ বাদল খান এবং ড. নায়লা খানের বাসভবনে। খান পরিবারের এই সহযোগিতা সাপ্তাহিক ২০০০কে আবদ্ধ করেছে অশেষ কৃতজ্ঞতাপাশে। ঈদ ফ্যাশন প্রতিযোগিতার পরপরই আসবে ঈদ সংখ্যা, ঈদের বাজার। এই আয়োজন গোটা রমজান মাস জুড়েই আপনাদের ভরিয়ে রাখবে অনাবিল ঈদ আনন্দে।

